

জাতীয়

কুমিল্লায় স্কুলছাত্রী হত্যা মামলায় অটোরিকশাচালক গ্রেপ্তার



প্রতিবেদক: ঢাকা প্রোব প্রতিবেদক

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ০৬:৪৯ PM



কুমিল্লার লালমাইয়ে ধানক্ষেত থেকে উদ্ধার হওয়া সপ্তম শ্রেণির শিক্ষার্থী জান্নাতুল তাজমিন (১৫) হত্যা মামলায় সুমন নামে এক অটোরিকশাচালককে গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার (৯ অক্টোবর) সকালে চট্টগ্রাম নগরী থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

কুমিল্লার পুলিশ সুপার (এসপি) আনিসুজ্জামান শুক্রবার দুপুরে গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশের একাধিক দল অভিযান চালিয়ে সুমনকে গ্রেপ্তার করে। তিনি নিহত স্কুলছাত্রীকে বহনকারী সিএনজিচালিত অটোরিকশার চালক।

এসপি বলেন, সুমনকে নিয়ে পুলিশ কুমিল্লার উদ্দেশে রওনা হয়েছে। সেখানে পৌঁছানোর পর সংবাদ সম্মেলনে এ বিষয়ে বিস্তারিত জানানো হবে। তবে সংবাদ সম্মেলনের সময় নিশ্চিত করে জানাতে পারেননি তিনি।

এর আগে বৃহস্পতিবার (৮ অক্টোবর) সকালে কুমিল্লার লালমাই উপজেলার জগতপুর গ্রামের একটি ধানক্ষেত থেকে জান্নাতুল তাজমিনের

মরদেহ উদ্ধার করে পুলিশ।

নিহত জান্নাতুল যশোর সদর উপজেলার ছাতিয়ানতলা গ্রামের আব্দুল আলিমের মেয়ে। সে কুমিল্লা নগরীর ফরিদা বিদ্যায়তন স্কুলের সপ্তম শ্রেণির শিক্ষার্থী ছিল। তার বাবা আব্দুল আলিম রেনেটা ওয়ুধ কোম্পানির কুমিল্লা অঞ্চলে চাকরি করেন। পরিবারটি নগরীর রেসকোর্স এলাকায় একটি ভাড়া বাসায় বসবাস করত।

এ ঘটনায় জান্নাতুলের বাবা আব্দুল আলিম বাদী হয়ে লালমাই থানায় অজ্ঞাতনামা আসামিদের বিরুদ্ধে হত্যা মামলা করেন।

এ বিভাগের আরও খবর



অটোরিকশাচালক সুমনই তাজমিনকে ধর্ষণের পর শ্বাসরোধে হত্যা করেন: পুলিশ
কুমিল্লার লালমাইয়ে স্কলছাত্রী জান্নাতুল তাজমিনকে ধর্ষণের পর শ্বাসরোধে হত্যার ঘটনায় রহস্য উদ্‌ঘাটনের কথা জানিয়েছে পুলিশ।
এ ঘটনায় অটোরিকশাচালক...



রূপপুর কেন্দ্র থেকে দ্রুত বিদ্যুৎ সরবরাহের প্রতিশ্রুতি রোসাটমের
রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিট থেকে দ্রুততম সময়ের মধ্যে জাতীয় গ্রিডে পরীক্ষামূলকভাবে বিদ্যুৎ সরবরাহ
নিশ্চিত করার প্রতিশ্রুতি...



মানসিক স্বাস্থ্য নিয়ে ভয়, লজ্জা ও কুসংস্কার দূর করার আহ্বান প্রধানমন্ত্রীর
মানসিক অসুস্থতাকে ঘিরে থাকা ভয়, লজ্জা, কুসংস্কার ও বৈষম্য দূর করতে সমাজের সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান
জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক...



মালয়েশিয়ায় কর্মী পাঠানোর নামে প্রতারণা সহ্য করা হবে না: প্রবাসীকল্যাণমন্ত্রী
মালয়েশিয়ায় কর্মী পাঠানোর নামে প্রতারণার সঙ্গে জড়িত কোনো এজেন্সিকে ছাড় দেওয়া হবে না বলে জানিয়েছেন প্রবাসীকল্যাণ ও
বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/kumillay-skulchhatri-htja-mamlay-otorikshachalk-greptar>